

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটার

www.novotheatre.gov.bd



পটভূমি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটার আইনের দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে ঢাকার বিজয় সরণি এলাকায় ৫.৪৬ একর জমির উপর ১২৩ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে দেশের একমাত্র প্ল্যানেটেরিয়াম 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটার'। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০০ সালে নভোখিয়েটারের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এটি দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান। এছাড়া এখানে রয়েছে পরমাণু শক্তি তথ্য কেন্দ্র, যার মাধ্যমে পরমাণু বিদ্যুৎ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি, শিক্ষার্থীদের মাঝে পরমাণু শিক্ষা সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং পরমাণু বিদ্যুৎ বিষয়ে নাগরিক ও শিক্ষার্থীদের অহেতুক ভীতি দূরীকরণ ও সঠিক ধারণা প্রদান করা হয়।

ভিশন

মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা

মিশন

বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্ল্যানেটেরিয়াম, থ্রি-ডি, টেলিস্কোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল প্রদর্শনীবস্তু, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যত প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা




মাননীয় প্রধানমন্ত্রী সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী ও স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ধারণা প্রদানের লক্ষ্যে নির্মিত ৩০ মিনিটের ডিজিটাল ফিল্ম গত ২৮ জুলাই ২০১৭ তারিখে উদ্বোধন করেন।

সাংগঠনিক কাঠামো ও জনবল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনুমোদিত ৬৩টি পদের মধ্যে বর্তমানে একজন মহাপরিচালকসহ ৪৭ জন কর্মকর্তা-কর্মচারি কর্মরত

অর্গানোগ্রাম






মাননীয় মন্ত্রী সুবিধা বঞ্চিত শিশুদের মাঝে খাবার বিতরণ করছেন

প্রধান কার্যাবলি

- মহাকাশ বিষয়ক অপটো-মেকানিক্যাল ও ডিজিটাল ছবি প্রদর্শনী পরিচালনা
- বিভিন্ন সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিট-এর বৈজ্ঞানিক দিকসমূহ জনগণের কাছে বিশেষত শিক্ষার্থীদের সহজবোধ্যভাবে উপস্থাপন
- অ্যাস্ট্রোভিশন শো এবং ফিল্ম আধুনিকায়ন, পরিবর্তন ও যুগোপযোগী করণ
- জ্যোতির্বিজ্ঞানের নতুন নতুন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করে দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিতকরণ
- সায়েন্টিফিক লাইব্রেরি স্থাপন করে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্র, সাময়িকী, বই-পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা
- নভোথিয়েটারের যাবতীয় কর্মকাণ্ড সম্পর্কে পত্রপত্রিকা, রেডিও, টেলিভিশন অন্যান্য মিডিয়ার মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট করা এবং রৌশার, লিফলেট ও বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা
- স্পেস রাইড সিমুলেটর, থ্রি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জামের মাধ্যমে বিজ্ঞান ভিত্তিক ও জ্ঞানবিকাশে সহায়ক সুস্থ বিনোদনের ব্যবস্থা করা
- মহাকাশ বিষয়ক গবেষণার মাধ্যমে নভোথিয়েটারকে Centre of Excellence-এ পরিণত করা




মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী শীর্ষক স্থাপন প্রকল্পের থ্রি-ডি মডেল এবং নকশা গত ১৬.০২.২০১৭ তারিখে অনুমোদন করেন।

২০১৬-১৭ অর্থ-বৎসরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি

- বাংলাদেশের জনগণ বিশেষ করে শিক্ষার্থী তথা দেশের ভবিষ্যৎ প্রজন্মকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ধারণা প্রদানের লক্ষে নির্মিত ৩০ মিনিটের ডিজিটাল ফিল্ম উদ্বোধন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার রাজশাহী, স্থাপন প্রকল্পটি গত ১৬ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী রাজশাহীতে নভোথিয়েটার স্থাপনের প্রস্তাবিত স্থানের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত নকশাটি (থ্রি-ডি মডেল) মাননীয় প্রধানমন্ত্রী দেখেন এবং অনুমোদন করেন।
- আগস্ট মাসব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে বিআরটিসি বাসে করে ছাত্র-ছাত্রীদের আনা-নেয়া করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম প্রদর্শনী বিনা মূল্যে দেখানো হয়েছে।
- বরিশাল বিভাগে নভোথিয়েটার স্থাপন করার জন্য বরিশাল সদর উপজেলাধীন চরআইচা মৌজায় একুনে ১০.০০ একর জমি সংরক্ষণ করার জন্য জেলা প্রশাসক বরিশালকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত স্থানে নভোথিয়েটার স্থাপনের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। এছাড়া খসড়া ডিপিপি এর উপর ৪ জুন ২০১৭ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল প্রদর্শনীর টিকেট বিভিন্ন প্রতিষ্ঠানের বুকিং এর জন্য নির্ধারিত ফরমে অনলাইন এপ্লিকেশন সিস্টেম চালু করা হয়েছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ জনঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের কারণে কর্মকর্তা-কর্মচারীদের কাজের গুণগত মানের উন্নতি সাধিত হয়েছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ফেসবুক আইডি খোলা হয়েছে। ফলে আগত দর্শনার্থীগণ সহজে নভোথিয়েটারের আপগ্রেড তথ্য জানতে পারেন।




বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মধ্যে APA স্বাক্ষর অনুষ্ঠান




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মহাপরিচালক মহোদয়ের কার্যালয়

- সুবিধা বঞ্চিত শিশু ও বিশেষ শিশুদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম প্রদর্শনী বিনামূল্যে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। ফলে তারা বিনোদনের মাধ্যমে বিজ্ঞান এবং বিজ্ঞানের অজানা রহস্য সম্পর্কে জানতে পারছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মহাপরিচালক মহোদয় মতবিনিয়ম সভা করেন এবং তাদেরকে নভোথিয়েটারে আসার জন্য উদ্বুদ্ধ করেন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জন্য চট্টগ্রাম জেলার বাকলিয়া (বন্দর) মৌজায় একুশে ৭.০০ একর অকৃষি খাস জমি বরাদ্দ প্রদানের বিষয়ে জেলা প্রশাসকের নিকট হতে প্রস্তাব পাওয়া গিয়েছে। শীঘ্রই নভোথিয়েটারের কারিগরী টিমসহ চট্টগ্রামের জন্য প্রস্তাবিত জমি পরিদর্শন করে নির্বাচন করা হবে।
- খুলনা বিভাগে জমি চূড়ান্ত হয়েছে। সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগে নভোথিয়েটার স্থাপনের জন্য জমি স্থান নির্বাচনের বিষয়টি চলমান আছে।
- ২০১৬-১৭ অর্থ-বৎসরে নভোথিয়েটারে ২,৭৯,২৪১ জন দর্শক সমাগম হয়েছে।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিট গ্যালারির একাংশ



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে প্লানেটেরিয়াম হলে শিক্ষার্থীগণ প্রদর্শনী উপভোগ করছেন



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে পরমাণু তথ্য কেন্দ্রে বক্তৃতা প্রদান করেন মহাপরিচালক মহোদয়



মহাপরিচালক মহোদয় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করছেন

২০১৬-১৭ অর্থ-বৎসরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষমাত্রা ১০০% অর্জিত হয়েছে।

আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

লক্ষ টাকায়

অর্থবছর	মোট আয়			মোট ব্যয়	উদ্বৃত্ত
	নিজস্ব আয়	সরকারী বরাদ্দ	আয়		
২০১১-২০১২	১০১.৭৭	২৮২.৩০	৩৮৪.০৭	১৭৬.০৬	২০৮.০১
২০১২-২০১৩	১০০.৭৪	২২০.০০	৩২০.৭৪	২১২.৪৩	১০৮.৩১
২০১৩-২০১৪	১০৪.০৫	২৭৩.৫১	৩৭৭.৫৬	৩৫৫.৬৪	২১.৯২
২০১৪-২০১৫	১৮৫.৮০	৬৯২.২০	৮৭৮.০০	৭৬৭.৭৫	১১০.২৫
২০১৫-২০১৬	২১৯.৬০	৩০৭.৫০	৫২৭.১০	৩৩৬.৩৫	১৯০.৭৫
২০১৬-২০১৭	২৩৮.৪৮	৪৫২.০০	৬৯০.৪৮	৫৯১.০০	৯৯.৪৮

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আরো আকর্ষণীয় এবং যুগোপযোগী করে গড়ে তোলা এবং দেশের অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে নভোথিয়েটারকে Center of excellence হিসাবে গড়ে তোলার লক্ষ্যে নভোথিয়েটারে আরো নতুন নতুন এবং অত্যাধুনিক বিজ্ঞান চর্চার বিষয় স্থাপন। মহাকাশ বিজ্ঞানের ক্ষেত্রে সারা বিশ্বে প্রতিনিয়ত যে নব নব জ্ঞানের ভান্ডার সঞ্চিত হচ্ছে সেটিকে এদেশের শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় ও সহজবোধ্যভাবে উপস্থাপন।

ভবিষ্যৎ পরিকল্পনা

- দেশের প্রতিটি বিভাগীয় শহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের শাখা স্থাপন পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে।



বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মহাপরিচালক মহোদয়ের মতবিনিয়ম সভা



মহাপরিচালক বৃক্ষ রোপণ করছেন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্রদর্শনী সংক্রান্ত তথ্য:

শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার	১ম প্রদর্শনী Dawn of the Space Age ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	২য় প্রদর্শনী Mission to Black Hole ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৩য় প্রদর্শনী Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৪র্থ প্রদর্শনী Goodnight Goldilocks ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৫ম প্রদর্শনী Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৬ষ্ঠ প্রদর্শনী Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”
প্রদর্শনী শুরুর সময়	সকাল ১০:৩০	দুপুর ১২:০০	বেলা ২:০০	বিকাল ৩:৩০	বিকাল ৫:০০	বিকাল ৬:৩০
টিকিট বিক্রি শুরুর সময়	সকাল ১০:০০	সকাল ১০:৩০	দুপুর ১২:০০ (বেলা ১:০০ থেকে ১:৩০ নামাজের বিরতি)	বেলা ২:০০	বিকাল ৩:৩০	বিকাল ৫:০০
বুধবার	সাপ্তাহিক ছুটি					

শুক্রেবার	১ম প্রদর্শনী Dawn of the Space Age ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	২য় প্রদর্শনী Mission to Black Hole ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৩য় প্রদর্শনী Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৪র্থ প্রদর্শনী Goodnight Goldilocks ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৫ম প্রদর্শনী Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৬ষ্ঠ প্রদর্শনী Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”
প্রদর্শনী শুরুর সময়	সকাল ১০:০০	সকাল ১১:৩০	বেলা ২:৩০	বিকাল ৪:০০	বিকাল ৫:৩০	বিকাল ৭:০০
টিকিট বিক্রি শুরুর সময়	সকাল ৯:৩০	সকাল ১০:০০	সকাল ১১:৩০ (বেলা ১:০০ থেকে ২:০০ নামাজের বিরতি)	বেলা ২:৩০	বিকাল ৪:০০	বিকাল ৫:৩০

- * প্ল্যানেটেরিয়াম প্রদর্শনীর টিকিট-এর মূল্য ১০০/- টাকা।
- * 5D Movie Theatre এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- * 5D Interactive Edutainment Simulator এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- * ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস গ্যালারি-এর প্রতিটি টিকেটের মূল্য ১০০/- টাকা।
- * রাইড সিমুলেটর-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- * পরমাণু শক্তি তথ্য কেন্দ্র (বিনামূল্যে)।

শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত আবেদনের প্রেক্ষিতে অগ্রিম টিকেট প্রদান করা হয়।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ১৬ ডিসেম্বরে আলোকসজ্জা

ধন্যবাদ